



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/২২, ব্লক-এ, রোড নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/সি-৩৬/২০১৮/১১৯৩৮

তারিখ: ১১ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২৬ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

পাথারিয়া গাংকুল মনসুরিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: দক্ষিণভাগ, উপজেলা: বড়লেখা, জেলা: মৌলভীবাজার, এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৭.১০.২০২২ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৬.০৪.২০২৩ খ্রি. থেকে ২৫.০৪.২০২৭ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ:

১. মান সম্মত কম্পিউটার ল্যাব স্থাপন এবং এর ব্যবহার নিশ্চিত করতে হবে।
২. নির্মাণাধীন ভবনটির কাজ অতি দ্রুত শেষ করে ভবনটিতে একাডেমিক কার্যক্রম চালু করতে হবে।
৩. “হৃদয়ে বঙ্গবন্ধু” তথা বঙ্গবন্ধু কর্নারকে আরো সমৃদ্ধ করতে হবে।
৪. লাইব্রেরীতে প্রয়োজনীয় সংখ্যক মৌলিক/পাঠ্য গ্রন্থ সংগ্রহ ও সংরক্ষণ এবং পড়ার পরিবেশ তৈরী করতে হবে।
৫. ফাজিল সহ সকল শ্রেণিতে শিক্ষার্থী বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৬. সকল শ্রেণিতে শিক্ষার্থী উপস্থিতির হার বাড়াতে হবে।
৭. মাদরাসার আয়-ব্যয় বিবরণীর সকল বিল ভাউচার সঠিকভাবে সংরক্ষণ করতে হবে।
৮. সকল শূন্য পদে দ্রুত নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৯. শিক্ষার্থীদের আরবি ও ইংরেজি ভাষা শিক্ষার প্রতি উৎসাহিত করতে হবে।
১০. মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
১১. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

(Signature) 26.07.2023

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মোবাইল নম্বর- ০১৭১৪ ২০২০৬৬

অধ্যক্ষ

পাথারিয়া গাংকুল মনসুরিয়া ফাজিল মাদরাসা

বড়লেখা, মৌলভীবাজার

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/সি-৩৬/২০১৮/১১৯৩৮

তারিখ: ১১ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২৬ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিলের সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭. সভাপতি, পাথারিয়া গাংকুল মনসুরিয়া ফাজিল মাদরাসা, বড়লেখা, মৌলভীবাজার।
৮. অফিস নথি।

(Signature) 26.07.2023

(মুহাম্মদ আখলাকুল আশ্বিয়া)

সেকশন অফিসার

মোবাইল নম্বর- ০১৬১৫ ৬২২১৫১